ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৯৬

বিশালগড়, ২৪ অক্টোবর, ২০২৫

**নীরমহলে ৪ এবং ৫ ডিসেম্বর দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্ট**

নীরমহলে দু'দিনব্যাপী ইউনিটি প্রমো ফেস্ট (দ্বিবার্ষিক) আগামী ৪ এবং ৫ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী এবং উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণের উপস্থিতিতে আজ সিপাহীজলা জেলার জেলাশাসকের কনফারেন্স হলে আয়োজিত প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পর্যটনমন্ত্রী এই সভায় সভাপতিত্ব করেন। আলোচনায় তিনি হোম স্টে ব্যবস্থাপনা পর্যটকদের কাছে আরও আকর্ষনীয় করে তুলতে এবং রাজ্যের ঐতিহ্যবাহী বিষয়গুলিকে প্রমো ফেস্টে গুরুত্ব সহ তুলে ধরতে আহ্বান জানান।

আলোচনায় উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ রাজ্যের ঐতিহ্য ও সংস্কৃতিকে উজ্জীবিত করতে প্রমোফেস্ট সফল করতে সবার সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, জনপ্রতিনিধিগণ, পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি, সিপাহীজলা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বিজয় দেববর্মা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

******